গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশিক্ষণ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-৩২.০০.০০০০.০৩০.২৫.০২১.১৯-১৩

তারিখঃ ০৩ মাঘ ১৪২৭
১৭ জানুয়ারি ২০২১

বিষয়ঃ উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, খাগড়াছড়ি পরিদর্শন প্রতিবেদন।

সূত্র: এ মন্ত্রণালয়ের পত্র নং-৩২.০০.০০০০.০৩০.২৫.০১২.১৯-১৫৩, তাং-০৮/১২/২০২০

| | |
|---|---|
| কর্মকর্তার নাম | : নিলুফার ইয়াসমিন |
| কর্মকর্তার পদবী | : উপসচিব (প্রশিক্ষণ) |
| স্থান | : খাগড়াছড়ি |
| তারিখ | : ২৪.১২.২০২০ খ্রি: |

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশিক্ষণ) নিলুফার ইয়াসমিন কর্তৃক খাগড়াছড়ি জেলাতে অবস্থিত উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, খাগড়াছড়ি পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন নিম্নরূপঃ

১.০ গত ২৪.১২.২০২০ তারিখ সকাল ১০.০০ঘটিকায় খাগড়াছড়িস্থ জেলা সদরে অবস্থিত মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালকের কার্যালয় পরিদর্শন করি। পরিদর্শনকালে জেলা কর্মকর্তাসহ অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

২.০ এ কার্যালয়ে রাজস্ব বাজেটের অধীনে পরিচালিত মহিলাদের জীবিকায়নের জন্য দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ প্রকল্পের অধীনে ৫টি বিষয়ে যথা (১) আধুনিক দর্জি বিজ্ঞান, (২) বিউটিফিকেশন, (৩) মোমবাতি ও সো-পিস তৈরী, (৪) খাদ্য প্রক্রিয়াকরণ ও কাগজের ঠোঙ্গা তৈরী এবং (৫) প্লাস্টিকের বেতের ব্যাগ ও সো-পিস তৈরী সম্পর্কিত প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করি। পরিদর্শনকালে প্রশিক্ষণার্থীদের মাস্ক ব্যবহার অবস্থায় উপস্থিত পাওয়া গেল। তাদের নিয়মিত উপস্থিত থাকা এবং প্রশিক্ষণলব্ধ জ্ঞান নারীর অর্থনৈতিক ক্ষমতায়নে কাজে লাগানোর পরামর্শ দেয়া হলো।

৩.০ এ কার্যালয়ে পর্যাপ্ত জনবলের অভাব রয়েছে মর্মে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, খাগড়াছড়ি জানান। পরিদর্শনকালে ৭টি উপজেলার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (দীঘিনালা, মহালছড়ি, পানছড়ি, মাটিরাঙ্গা, মানিকছড়ি, লক্ষীছড়ি, রামগড় এবং গুইমারা)। উপজেলা কর্মকর্তারা জানান, পার্বত্য জেলা দুর্গম বিধায়, এখানে যথাসময়ে সরকারের তথ্য উপকারভোগী পর্যন্ত পৌছাতে সময় লাগে। তাছাড়া মোবাইল নেটওয়ার্ক এখানে বেশ দুর্বল। তাই কার্যক্রম সম্পন্ন করা সময় সাপেক্ষে।

৪.০ "কিশোর কিশোরী ক্লাব" -এর বিষয়ে উপপরিচালক জানান যে, কিশোর কিশোরী ক্লাবের দল গঠন করা হয়েছে। এ পর্যন্ত মোট ৪১টি ক্লাব গঠন করা হয়েছে। এ ক্লাবের ফিল্ড সুপারভাইজার রয়েছেন, পরিদর্শনকালে তাঁকে পাওয়া গেল। তিনি নিয়মিত ক্লাব সমূহ পরিদর্শন করেন মর্মে জানান। এ ছাড়া ইউনিয়ন পরিষদের মেম্বার দ্বারা ক্লাব সমূহ মনিটরিং করা হয় বলেও জানা গেল।

৫.০ "উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্প (আইজিএ)" প্রকল্পের ১ জন ট্রেড ইন্সট্রাক্টর রয়েছেন, যাকে উপস্থিত পাওয়া গেল। প্রশিক্ষক জানান, অত্র অঞ্চলের মেয়েরা কাজ শিখতে উৎসাহী। প্রশিক্ষণের পর তাদের সহজশর্তে ঋণ প্রদানের ব্যবস্থা করা প্রয়োজন যাতে তারা স্বাবলম্বী হতে পারে।

৬.০ এ কার্যালয়ের মাধ্যমে ভিজিডি কার্যক্রম যথাযথ সম্পাদিত হয়ে থাকে মর্মে উপপরিচালক জানান। খাগড়াছড়ি জেলায় মোট ১২,২২০ টি ভিজিডি কার্ড রয়েছে। ৯টি উপজেলায় ৫টি স্থানীয় এনজিও এর মাধ্যমে এ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে বলে উপপরিচালক জানান। তিনি আরও জানান যে, ভিজিডি চালের বস্তা দুর্গম অঞ্চলগুলোতে পৌছানো বেশ কঠিন। তাই বিকল্প কোন পন্থা সরকারকে নেয়া প্রয়োজন।

৭.০ এ কার্যালয়ের দারিদ্র ও গর্ভবতী মায়েদের মাতৃত্বকালীন ভাতা ২টি স্থানীয় এনজিও "বিয়ান মনি সোসাইটি মহিলা সমিতি" ও "স্টেপ পদক্ষেপ" এর মাধ্যমে জি-টু-পি পদ্ধতিতে বাস্তবায়িত হচ্ছে। মাতৃত্বকালীন ভাতা গ্রহীতার সংখ্যা হচ্ছে ৫২৮৬ জন। কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে।

৮.০ এছাড়া শহরাঞ্চলে কর্মজীবি মায়েদের ল্যাকটেটিং ভাতা স্থানীয় ২টি এনজিও "হাসনাবাদ বহুমুখী মহিলা সমিতি" ও "নিবেদিত নারী উন্নয়ন সংস্থা" এর মাধ্যমে জি-টু-পি পদ্ধতিতে বাস্তবায়িত হচ্ছে। ল্যাকটেটিং ভাতা ভোগীর সংখ্যা ১৮২৫ জন।

৯.০ হাজিরা খাতা, স্টক রেজিস্টার সরেজমিনে পরীক্ষা করা হয়। স্টক রেজিস্টারটি হালনাগাদ নয় দেখা গেলো।

সুপারিশ:

(১) হাজিরা খাতায় নৈমিত্তিক ছুটির হিসাব সঠিকভাবে লিপিবদ্ধ করার পরামর্শ দেয়া হলো;
(২) স্টক রেজিস্টার ও ক্যাশ রেজিস্টার নিয়মিত হালনাগাদ করার পরামর্শ দেয়া হলো;
(৩) উপজেলা কার্যালয় সমূহ উপপরিচালকের কার্যালয় কর্তৃক নিয়মিত মনিটরিং করার সুপারিশ করা হলো।
(৪) প্রশিক্ষণোত্তর প্রশিক্ষণার্থীদের স্বাবলম্বী হওয়ার ব্যাপারে সহযোগিতা করার পরামর্শ দেয়া হলো।

১৭/০১/২০২১

(নিলুফার ইয়াসমিন)
উপসচিব
প্রশিক্ষণ অধিশাখা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। উপসচিব (সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (তাঁকে এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, খাগড়াছড়ি।
৭। সহকারী সচিব (সমন্বয়),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।